# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৯৬২

৭. মন গলানো সুমিষ্ট উপদেশমালা (كِتَابُ الرَّقَائِقِ)

পরিচ্ছেদঃ প্রতিপালককের নিকট ঋণ পরিশোধ করা এবং দরিদ্রতা থেকে স্বাবলম্বী করার জন্য জন্য দু‘আ করা

ذِكْرُ الْأَمْرِ بِسُؤَالِ الْمَرْءِ رَبَّهُ جَلَّ وَعَلَا قَضَاءَ دَيْنِهِ وَغِنَاهُ مِنَ الْفَقْرِ

আরবী

962 ـ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ الْحَسَنِ بْنِ الْخَلِيلِ قَالَ: حَدَّثَنَا أَبُو كُرَيْبٍ قَالَ: حَدَّثَنَا أَبُو أُسَامَةَ قَالَ: حَدَّثَنَا الْأَعْمَشُ عَنْ أَبِي صَالِحٍ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: جَاءَتْ فَاطِمَةُ إِلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ تَسْأَلُهُ خادماً فَقَالَ لَهَا: (قُولِي: اللَّهُمَّ رَبَّ السَّمَاوَاتِ السَّبْعِ وَرَبَّ الْعَرْشِ الْعَظِيمِ رَبَّنَا وَرَبَّ كُلِّ شَيْءٍ أَنْتَ الظَّاهِرُ فَلَيس فَوْقَكَ شَيْءٌ وَأَنْتَ الْبَاطِنُ فَلَيْسَ دُونَكَ شَيْءٌ مُنْزِلَ التَّوْرَاةِ وَالْإِنْجِيلِ وَالْفُرْقَانِ فَالِقَ الْحَبِّ وَالنَّوَى أَعُوذُ بِكَ مِنْ شَرِّ كُلِّ شَيْءٍ أَنْتَ آخِذٌ بِنَاصِيَتِهِ أَنْتَ الْأَوَّلُ فَلَيْسَ قَبْلَكَ شَيْءٌ وَأَنْتَ الْآخِرُ فَلَيْسَ بَعْدَكَ شَيْءٌ اقْضِ عَنَّا الدَّيْنَ وَاغْنِنَا مِنَ الْفَقْرِ)

الراوي : أَبُو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 962 | خلاصة حكم المحدث:. صحيح.

বাংলা

৯৬২. আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “একবার ফাতিমা রাদ্বিয়াল্লাহু আনহা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর কাছে আসেন একজন খাদেম চেয়ে নেওয়ার জন্য, তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাঁকে বলেন, “তুমি বলো, اللَّهُمَّ رَبَّ السَّمَاوَاتِ السَّبْعِ وَرَبَّ الْعَرْشِ الْعَظِيمِ رَبَّنَا وَرَبَّ كُلِّ شَيْءٍ أَنْتَ الظَّاهِرُ فَلَيس فَوْقَكَ شَيْءٌ وَأَنْتَ الْبَاطِنُ فَلَيْسَ دُونَكَ شَيْءٌ مُنْزِلَ التَّوْرَاةِ وَالْإِنْجِيلِ وَالْفُرْقَانِ فَالِقَ الْحَبِّ وَالنَّوَى أَعُوذُ بِكَ مِنْ شَرِّ كُلِّ شَيْءٍ أَنْتَ آخِذٌ بِنَاصِيَتِهِ أَنْتَ الْأَوَّلُ فَلَيْسَ قَبْلَكَ شَيْءٌ وَأَنْتَ الْآخِرُ فَلَيْسَ بَعْدَكَ شَيْءٌ اقْضِ عَنَّا الدَّيْنَ وَاغْنِنَا مِنَ الْفَقْرِ (হে আল্লাহ, সপ্ত আসমানের প্রভু, মহান আরশের প্রভু, আমাদের প্রভু, প্রতিটি জিনিসের প্রভু, আপনি সর্বোচ্চ, সুতরাং আপনার উপর কোন কিছু নেই, আপনি সবচেয়ে নিকটে, কাজেই আপনার চেয়ে নিকটে আর কেউ নেই, তাওরাত, ইঞ্জিল ও ফুরকানের অবতরণকারী, শস্যবীজ ও ফলের

আঁটি বিদীর্ণ করে বৃক্ষ উদগতকারী, আপনার কাছে আমি আশ্রয় চাচ্ছি প্রতিটি জিনিসের অনিষ্টতা থেকে, যার ললাট আপনি ধারণ করে আছেন। আপনি প্রথম, কাজেই আগে আর কেউ নেই, আপনি শেষ, কাজেই আপনার পরে আর কোন কিছু নেই, আপনি আমাদের ঋণ পরিশোধ করে দিন এবং আপনি আমাদেরকে দরিদ্রতা থেকে স্বাবলম্বী করুন।) [1]

## ফুটনোট

[1] সহীহ মুসলিম: ২৭১৩; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১০/২৬২; ইবনু মাজাহ: ৩৮৩১; মুসনাদ আহমাদ: ২/৩৮১; ইমাম বুখারী, আদাবুল মুফরাদ: ১২১২; নাসাঈ, আমালুল ইয়াওমি ওয়াল লাইলাহ: ৭৯০।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহুল আদাবুল মুফরাদ: ৯৩০ ।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89467

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন